ভারত ও লেবাননের মধ্যে প্রথম বিদেশ দপ্তর পর্যায়ের বৈঠক

ভারত ও লেবাননের মধ্যে 1ম বিদেশ দপ্তর পর্যায়ের বৈঠক (এফওসি) 09 নভেম্বর 2026 তারিখে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন বিদেশ মন্ত্রকের সচিব (সিপিভি ও ওআইএ) শ্রীমতী শ্রীপ্রিয়া রঙ্গনাথন এবং লেবাননের প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন লেবাননের বিদেশ ও প্রবাসী বিষয়ক মন্ত্রকের মহাসচিব শ্রী আবদেল সাত্তার ইসা।

2. আলোচনায় ভারত ও লেবাননের দ্বিপাক্ষিক সম্পর্কের সম্পূর্ণ পরিসর পর্যালোচনা করা হয় এবং দুই দেশের মধ্যে প্রাতিষ্ঠানিক সহযোগিতার বিভিন্ন প্রক্রিয়াকে আরও সক্রিয় করে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়। উভয় পক্ষ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ আঞ্চলিক বিষয়গুলি সম্পর্কেও নিজেদের মতামত বিনিময় করে।

3. রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক সব ক্ষেত্রেই ভারত ও লেবাননের মধ্যে আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্ক বিদ্যমান। আজকের এই বৈঠক ভারত ও লেবাননের দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে আরও শক্তিশালী করতে সহায়ক হবে।

4. উভয় পক্ষ পারস্পরিক সুবিধাজনক তারিখে লেবাননে পরবর্তী বিদেশ দপ্তর পর্যায়ের বৈঠক আয়োজন করতে সম্মত হয়।

নয়া দিল্লি

09 নভেম্বর, 2026